# সফটওয়্যারের কারুকাজ

## ভিএইচডি ফাইল তৈরি ও মাউন্ট করা

মাইক্রোসফটের ভার্চুয়াল পিসি ভিএইচডি ফাইলে তৈরি করে এর ভার্চুয়াল পিসি এবং উইন্ডোজ ৭ এখন এসব ফাইলে মাউন্ট করতে পারে, যাতে হোস্ট সিস্টেমে আপনি এগুলোতে সরাসরি অ্যাক্সেস করতে পারেন। এ জন্য Start-এ ক্লিক করে টাইপ করুন diskmgmt.msc এবং এন্টার চাপুন। এরপর Action→Attach VHD-তে ক্লিক করে কাঙ্ক্ষিত ফাইল বেছে নিন, যা আপনি মাউন্ট করতে চান। এটি পরে এক্সপ্লোরারে ভার্চুয়াল ড্রাইভে আবির্ভূত হয় এবং অ্যাক্সেস করা, কপি করা অথবা রিটেন করা যেত ঠিক অন্য যেকোনো ড্রাইভের মতো।

এবার Action→Create VHD-তে ক্লিক করুন। এবার আপনার নিজের জন্য একটি নতুন ভার্চুয়াল ড্রাইভ তৈরি করুন। এবার এতে ডান ক্লিক করে Initialise Disk সিলেক্ট করুন। এরপর এটি সেটআপ করার পর আনঅ্যালোকেটেড স্পেসে ডান ক্লিক করুন এবং সিলেক্ট করুন New Simple Volume সেটআপ। আবার আপনি থেকে যাবেন ভার্চুয়াল ড্রাইভের সাথে, যা অন্য কিছুর মতো আচরণ করবে, যেখানে আপনি ফাইল ড্র্যাগ অ্যান্ড ড্রপ করতে পারবেন। এরপর প্রোগ্রাম ইনস্টল করুন, টেস্ট করুন পার্টিশনিং সফটওয়্যার বা যা ইচ্ছে হয় তাই করুন। তবে এটি ঠিক আপনার প্রকৃত হার্ডড্রাইভের ভিএইচডি ফাইলের মতো, যা খুব সহজে ব্যাকআপ বা অন্যদের সাথে শেয়ার করতে পারবেন। ডিস্কে ডান ক্লিক করুন এবং তা অপসারণ করার জন্য সিলেক্ট করুন Detach VHD অপশন।

কমান্ড লাইন DISKPART ইউটিলিটি detach a VHD ফাইলের সাথে আপগ্রেড হবে EXPAND কমান্ড ভার্চুয়াল ডিস্কের সাইজ সর্বোচ্চ করবে।

## ভার্চুয়াল ওয়াই-ফাই এনাবল করা

উইন্ডোজ ৭-এ সম্পৃক্ত করা হয়েছে অল্প পরিচিত নতুন ফিচার, যাকে বলা হয় ভার্চুয়াল ওয়াই-ফাই, যা খুব কার্যকরভাবে আপনার পিসি বা ল্যাপটপকে একটি সফটওয়্যারভিত্তিক রাউটারে পরিণত করবে। ডেস্কটপ, ল্যাপটপ, আইপট রেঞ্জের যেকোনো ওয়াই-ফাই এনাবল ডিভাইসসহ সম্ভবত যা কিছু আমরা দেখি একটি নতুন নেটওয়ার্ক হিসেবে। এতে একবার লগ করা হলে তাৎক্ষণিকভাবে অপনার ইন্টারনেট কানেকশনকে এটি শেয়ার করতে পারবে।

যদি ওয়্যারলেস অ্যাডাপ্টার ড্রাইভার এটি সাপোর্ট করে, তাহলেই এটি কাজ করবে এবং অন্যগুলো কাজ করবে না। অ্যাডাপ্টারের ম্যানুফেকচারার চেক করে দেখুন এবং নিশ্চিত হয়ে নিন আপনি খুবই সাম্প্রতিক ড্রাইভার ইনস্টল করেছেন। ড্রাইভার সাপোর্ট থাকলে খুব সহজে নেটওয়ার্ক টুল পাবেন, যা আপনার জন্য সেটআপ করবে ভার্চুয়াল ওয়াই-ফাই। ভার্চুয়াল রাউটার ফ্রি, সহজে ব্যবহার করা যায় ও দ্রুতগতিতে ইন্টারনেট কানেকশন শেয়ার করা যায়। যদি কমান্ড লাইনে কাজ করতে না চান, তাহলে ব্যাচ ফাইল সেটআপ করতে পারেন। এটি ম্যানুয়ালি সেটআপ করা কঠিন।

**নাজনীন নাহার**
মিরপুর, ঢাকা

## ডিভাইস ও প্রিন্টার নিয়ন্ত্রণ করা

কমপিউটারের হার্ডওয়্যার ম্যানেজ করার জন্য ডিভাইস ম্যানেজার হলো একটি শক্তিশালী টুল। তবে এটি খুবই টেকনিক্যাল ও গোপন রাখা হয়েছে। সম্ভবত এ কারণে উইন্ডোজ ৭ Device and Printers অ্যাপলেটে চালু করে অধিকতর বেসিক বিকল্প।

লক্ষণীয়, প্রথম ইমপ্রুভমেন্ট হলো লেন্থি এবং ক্রপটিক ডিভাইস নেমসহ দীর্ঘ আইকনের মাধ্যমে স্পষ্টত দৃশ্যমান, যা রিপ্লেস করে প্রধান প্রধান হার্ডওয়্যার, যেমন মনিটর, প্রিন্টার, মাউস, হার্ডড্রাইভ ইত্যাদি বেশিরভাগ আইটেম। নতুন অ্যাপলেট আপনার সময় বাঁচাতে পারে, প্রতিটি ডিভাইসের সংশ্লিষ্ট ফাংশনে দ্রুতগতিতে এবং সহজে অ্যাক্সেসের উপায় বাতলে দিচ্ছে। যদি প্রিন্টারে সংশ্লিষ্ট ইস্যু পান, তাহলে প্রিন্টার আইকনে ডান ক্লিক করলে প্রদর্শন করবে প্রয়োজনীয় অপশনের একটি লিস্ট। এরপর খেয়াল করে দেখুন কী প্রিন্ট হচ্ছে, প্রিন্টার প্রেফারেন্স, প্রিন্টার প্রোপার্টিজ, ডিলিট প্রিন্টার কুইক ইত্যাদি আরও কিছু। এখানে উল্লিখিত ফাংশনগুলোর কোনো একটি কার্যকর করতে চাইলে আপনাকে সিটি সিলেক্ট করতে হবে।

### স্বয়ংক্রিয়ভাবে আপনার ডিফল্ট প্রিন্টারে সুইচ করুন

উইন্ডোজ ৭-এর অবস্থান বুঝে প্রিন্টিং অপশন অপারেটিং সিস্টেমকে অনুমোদন করে স্বয়ংক্রিয়ভাবে ডিফল্ট প্রিন্টার সুইচ করার সক্ষমতা, যেভাবে আপনি এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে সুইচ করেন।

এটি সেটআপ করার জন্য প্রথমে Start-এ ক্লিক করে কমান্ড প্রম্পটে টাইপ করুন Device। এরপর Devices and Printers লিঙ্কে ক্লিক করুন।

এবার একটি প্রিন্টার সিলেক্ট করে Manage Default Printers-এ ক্লিক করুন। এটি শুধু মোবাইল ডিভাইসে দৃশ্যমান যেমন ল্যাপটপ। এটি পিসিতে পাবেন না।

এবার Change My Default Printer When I Change Network অপশন বেছে নিন। এবার একটি নেটওয়ার্ক, কাঙ্ক্ষিত ডিফল্ট প্রিন্টার সিলেক্ট করে Add-এ ক্লিক করুন।

এ প্রক্রিয়া পুনরাবৃত্তি করুন অন্যান্য নেটওয়ার্কের জন্য এবং প্রতিটির জন্য ডিফল্ট প্রিন্টার বেছে নিন। এর ফলে যখনই নতুন নেটওয়ার্কে যুক্ত হবেন, উইন্ডোজ ৭ এই লিস্ট চেক করে দেখবে এবং ডিফল্ট প্রিন্টার সেট করবে।

**মো: আলমগীর হোসেন**
পাঠানতুলী, নারায়ণগঞ্জ

## অপ্রয়োজনীয় ফাইল মুছে ফেলুন

উইন্ডোজ অপারেটিং সিস্টেম ব্যবহারের কারণে প্রচুর ইভেন্ট ফাইল তৈরি হয়। এ ফাইল জমে থাকার কারণে কমপিউটার গতি কমে যায়। এগুলো মুছতে My Computer-এ মাউস রেখে ডান বাটন ক্লিক Manage অপশনে ক্লিক করুন। এখন System Tools/Event Viewer/Application অপশন নির্বাচিত করুন। লক্ষ করুন, ডান পাশে অনেক Event-র তালিকা দেখা যাচ্ছে। এ ফাইলগুলো মুছতে ওপরের মেনুবার থেকে Action/Clear All Events নির্বাচন করুন। এখন এ ফাইলগুলো সরাসরি মুছে ফেলতে No-তে ক্লিক করুন, Yes ক্লিক করলে ফাইলগুলোর ব্যাকআপ তৈরি হবে। একই নিয়মে System Tools/Event Viewer/Application-এ গিয়ে System ও Security ফাইল মুছে ফেলুন।

### শর্টকাট ব্যবহার

কমপিউটারে কাজ করার সময় শর্টকাট ব্যবহার করলে কি কাজের সুবিধা হয়। মাইক্রোসফট ওয়ার্ড ও উইন্ডোজের বিভিন্ন শর্টকাট কি-এর ব্যবহার ও বিবরণ লিখিত একটি বাংলা পিডিএফ ফাইল ইচ্ছা করলে আপনি সংগ্রহে রেখে দিতে পারেন। পিডিএফ ফাইলটি http://mediatirecom/?q42f3 mxjw42qdw4 ঠিকানা থেকে নামিয়া নিন।

**ফারহানা জামান ফাতেমা**
মুসলিমপাড়া, টাঙ্গাইল

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে–* **নাজনীন নাহার, মো: আলমগীর হোসেন ও ফারহানা জামান ফাতেমা।**